



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর  
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
www.bwdb.gov.bd

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩  
২৪ জুন ২০২৬

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০১৪.৩৭.০০০২.২৩.৪৩

অফিস আদেশ

বিষয়ঃ বাপাউবোর ওয়েব মেইল ব্যবহারকারীদের ফিশিং (Phishing) ই-মেইল ও ঝুঁকিপূর্ণ ওয়েবসাইট ব্যবহার সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি এবং প্রয়োজনীয় নিরাপত্তার নির্দেশনা প্রদান সংক্রান্ত।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) অবকাঠামো, ডাটা সেন্টার, নেটওয়ার্ক, ই-মেইল সিস্টেম এবং অনলাইন সেবাসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর নিয়মিতভাবে সাইবার নিরাপত্তা পর্যবেক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ওয়েব মেইল ব্যবহারকারীদের নিকট বাপাউবোর নাম, লোগো, ভাষা, ই-মেইল এলিয়াস (Alias) ও দাপ্তরিক পরিচয় ব্যবহার করে বিভিন্ন ভুয়া (Phishing) ই-মেইল প্রেরণ করা হচ্ছে। এসব ই-মেইলে সাধারণত ই-মেইল অ্যাকাউন্টের মেয়াদ শেষ হওয়া, পাসওয়ার্ড পুনঃনিশ্চিতকরণ, স্টোরেজ পূর্ণ হয়ে যাওয়া, অ্যাকাউন্ট স্থগিত হওয়ার আশঙ্কা অথবা জরুরি নিরাপত্তা যাচাইয়ের মতো বিভ্রান্তিকর তথ্য প্রদান করা হয় এবং ব্যবহারকারীকে একটি নির্দিষ্ট লিংকে ক্লিক করার জন্য প্রলুব্ধ করা হয়।

এছাড়া, বাপাউবোর কিছু ব্যবহারকারী দাপ্তরিক নেটওয়ার্ক, ইন্টারনেট সংযোগ অথবা অফিসিয়াল ডিভাইস ব্যবহার করে বিভিন্ন অনলাইন ড্রেডিং প্ল্যাটফর্ম, অননুমোদিত বিনিয়োগভিত্তিক ওয়েবসাইট, অনলাইন গেমিং, বেটিং, জুয়া, ক্রিপ্টোকোরেস্পি-ভিত্তিক অনিরাপদ সেবা এবং অন্যান্য ঝুঁকিপূর্ণ ওয়েবসাইট বা অ্যাপ্লিকেশনে প্রবেশ করছেন। এ ধরনের ওয়েবসাইট ও অ্যাপ্লিকেশনের মাধ্যমে ম্যালওয়্যার, স্পাইওয়্যার, র‌্যানসমওয়্যার, ফিশিং লিংক, ক্ষতিকর স্ক্রিপ্ট এবং অন্যান্য সাইবার হুমকি দাপ্তরিক কম্পিউটার ও নেটওয়ার্কে প্রবেশ করতে পারে। এর ফলে ব্যবহারকারীর অ্যাকাউন্ট, অফিসিয়াল ই-মেইল, গুরুত্বপূর্ণ সার্ভার এবং কেন্দ্রীয় ডাটা সেন্টার অননুমোদিত প্রবেশ, তথ্য চুরি, তথ্য বিকৃতি অথবা সেবা বিয়ের ঝুঁকিতে পড়তে পারে। এছাড়াও এ ধরনের কার্যক্রম সরকারি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নিরাপত্তা নীতিমালার পরিপন্থী এবং প্রতিষ্ঠানের সুনাম ও তথ্য নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ।

এমতাবস্থায়, বাপাউবোর সকল কর্মকর্তা-কর্মচারীকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণের জন্য নির্দেশ প্রদান করা হলো:

১। দাপ্তরিক নেটওয়ার্ক, ইন্টারনেট সংযোগ, ই-মেইল এবং বাপাউবোর সম্পদ ব্যবহার করে কোনো ধরনের অনলাইন গেমিং, বেটিং, জুয়া, অননুমোদিত ড্রেডিং বা ঝুঁকিপূর্ণ ওয়েবসাইটে প্রবেশ করা যাবে না।

২। ই-মেইলের প্রেরক, ই-মেইল ঠিকানা সতর্কতার সাথে যাচাই না করে অপরিচিত, সন্দেহজনক বা অস্বাভাবিক ই-মেইল ঠিকানা থেকে প্রাপ্ত কোনো ই-মেইল বিশ্বাস করা যাবে না। সেই সাথে ই-মেইলে প্রদত্ত কোনো লিংক, বাটন বা সংযুক্তি (Attachment) যাচাই ব্যতীত ক্লিক বা ডাউনলোড করা যাবে না।

৩। কোনো ই-মেইলে পাসওয়ার্ড, OTP, PIN, জাতীয় পরিচয়পত্র নম্বর, ব্যাংক তথ্য বা অন্য কোনো সংবেদনশীল তথ্য প্রদান করা যাবে না। উল্লেখ্য, বাপাউবোর ই-মেইল সিস্টেম থেকে কখনোই “Account Expired”, “Mailbox Full”, “Verify Account”, “Update Password”, “Security Alert” ইত্যাদি শিরোনামে বার্তা প্রেরণ করা হয় না। এ জাতীয় কোন মেইল বা সন্দেহজনক মনে হলে তাৎক্ষণিকভাবে কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তরকে অবহিত করতে হবে

৪। কোনো ব্যবহারকারী যদি ভুলবশত সন্দেহজনক লিংকে ক্লিক করেন অথবা কোনো তথ্য প্রদান করে থাকেন, তবে অবিলম্বে কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তরকে অবহিত করতে হবে এবং দ্রুত পাসওয়ার্ড পরিবর্তনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। কোনো ব্যবহারকারী কর্তৃক দাপ্তরিক নেটওয়ার্ক, ইন্টারনেট সংযোগ ব্যবহার করে অনলাইন গেমিং, বেটিং, জুয়া, অননুমোদিত ট্রেডিং বা বুকিংপূর্ণ ওয়েবসাইটে প্রবেশ সংক্রান্ত কার্যক্রমে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেলে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। সকল কর্মকর্তা-কর্মচারীকে নিয়মিত সাইবার নিরাপত্তা সচেতনতা চর্চা এবং তথ্যপ্রযুক্তি ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

বাপাউবোর আইসিটি অবকাঠামো ও দাপ্তরিক তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের স্বার্থে উপরোক্ত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে এবং সকল কর্মকর্তা-কর্মচারীকে তা যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

এ পত্র জারিতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

*Asultana*

২৪-০৬-২০২৬

নাসরিন সুলতানা

সিনিয়র সিস্টেম এনালিস্ট

ফোন : ০২-২২২২৩০১১১

ইমেইল : ssa.ict@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০১৪.৩৭.০০০২.২৩.৪৩/১ (৫)

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩  
২৪ জুন ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (সকল)।
- ২। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সার্কেল) (সকল)।
- ৪। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৫। নির্বাহী প্রকৌশলী (সকল)।



*Asultana*

২৪-০৬-২০২৬

নাসরিন সুলতানা

সিনিয়র সিস্টেম এনালিস্ট